

## যোগাভ্যাস নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা সভা গড়বেতা কলেজে



পত্রিকা প্রতিনিধি : আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে ২৮ এপ্রিল গড়বেতা কলেজের এন এস এস-এর চারটি ইউনিটের উদ্যোগে বর্তমান সময়ে যোগাভ্যাসের গুরুত্ব নিয়ে এক বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়।

এই অনুষ্ঠানটির উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ ড. হরিপ্তসাদ সরকার। উক্ত আলোচনা চক্রের প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন বেলদা কলেজের অধ্যাপক রাজর্ষি গায়েন। এন এস এস-এর চারটি ইউনিটের প্রোগ্রাম অফিসারেরা ছাড়াও আলোচনা চক্রে উপস্থিত

ছিলেন কলেজের টিচার্স কাউন্সিলের সেক্রেটারি অধ্যাপক ড. সাজেদ বিশ্বাস এবং এন এস এস-এর অ্যাডভাইজারি কমিটির সদস্য অধ্যাপক ড. শান্তিময় পাত্র। সমগ্র অনুষ্ঠানটির ব্যবস্থাপনায় ছিলেন অধ্যাপক ড. কৃষ্ণেন্দু প্রধান এবং অধ্যাপিকা মৌসুমি পাল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অধ্যাপক সুশান্ত কুমার মন্ডল। প্রায় শতাধিক ভলান্টিয়ারের উপস্থিতিতে আলোচনা চক্রটি বেশ তাৎপর্যময় হয়ে ওঠে। অধ্যক্ষ সহ সব বক্তাই বর্তমান সময়ের ব্যস্ততম জীবনে যোগাভ্যাসের অপরিসীম গুরুত্বের কথা তুলে ধরেন।

